

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
প্রশাসন-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mos.gov.bd

বিষয়: ডিজিটাল ওয়ার্ল্ড-২০১৭ এর ই-গভর্নেন্স জোনে অংশগ্রহণ বিষয় অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : এ এস এম মামুনুর রহমান খলিলী, যুগ্মসচিব
সভার তারিখ : ১৬.১১.২০১৭ খ্রিঃ
সময় : বেলা ১০.০০ টা
স্থান : সম্মেলন কক্ষ।

সভায় নিম্নবর্ণিত কর্মকর্তাগণ নামের তালিকা : পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির আমন্ত্রণক্রমে সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-৩) সভাকে অবহিত করেন যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক আগামী ৬-৯ ডিসেম্বর ২০১৭ তারিখে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ডিজিটাল ওয়ার্ল্ড ২০১৭ এর আয়োজন করা হবে। মাননীয় প্রধানমন্ত্রী এ মেলার উদ্বোধন করতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। ডিজিটাল ওয়ার্ল্ড ২০১৭-ই-গভর্নেন্স জোনটি বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার সাম্প্রতিক উদ্ভাবনী ই-সেবা জনগণের সম্মুখে প্রদর্শনের জন্য নির্ধারিত রয়েছে। এ মন্ত্রণালয়ের আওতাধীন বিআইডব্লিউটিএ, বিআইডব্লিউটিসি, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, মোংলা বন্দর কর্তৃপক্ষ, বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ, নৌপরিবহন অধিদপ্তর, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, মেরিন একাডেমী ও ন্যাশনাল মেরিটাইম ইনস্টিটিউট উক্ত কার্যক্রম গ্রহণ করবে। বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

০২। সিদ্ধান্তসমূহ :

ক। ডিজিটাল ওয়ার্ল্ড ২০১৭ মেলায় নৌপরিবহন মন্ত্রণালয়ের ব্যানারে বিআইডব্লিউটিএ, বিআইডব্লিউটিসি, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, মোংলা বন্দর কর্তৃপক্ষ, বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ, নৌপরিবহন অধিদপ্তর, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, মেরিন একাডেমী ও ন্যাশনাল মেরিটাইম ইনস্টিটিউট কর্তৃক ইলেকট্রনিক প্রযুক্তির আওতায় স্ব স্ব প্রতিষ্ঠানের আইসিটি নির্ভর সাম্প্রতিক উদ্ভাবনী ই-সার্ভিস কার্যক্রমকে প্রদর্শন করতে হবে।

খ। সরকারি বরাদ্দ না থাকায় মেলার আর্থিক ব্যয় সংকুলানের জন্য সর্বসম্মতিক্রমে নিম্নরূপহারে আর্থিক অনুদান প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় :

বিআইডব্লিউটিএ-১,০০,০০০/-, বিআইডব্লিউটিসি-৩,০০,০০০/- চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ-৪,০০,০০০/- মোংলা বন্দর কর্তৃপক্ষ-৫০,০০০/- বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ-২৫,০০০/- নৌপরিবহন অধিদপ্তর-২৫,০০০/- বাংলাদেশ শিপিং কর্পোরেশন-২৫,০০০/- মেরিন একাডেমী-৩০,০০০/- ও ন্যাশনাল মেরিটাইম ইনস্টিটিউট-২০,০০০/- পায়রা বন্দর কর্তৃপক্ষ-২৫,০০০/- টাকা। উক্ত অর্থ “সিনিয়র সহকারী সচিব” নৌপরিবহন মন্ত্রণালয়ের অনুকূলে আগামী ২৫ নভেম্বর ২০১৭ তারিখের মধ্যে প্রদান নিশ্চিত করতে হবে।

গ। অংশগ্রহণকারী সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা ই-গভর্নেন্স জোনে/স্টলে উদ্ভাবনী ই-সার্ভিস প্রদর্শনীর পাশাপাশি পর্যাপ্ত সংখ্যক ব্রোসিয়ার/লিফলেট (নিজস্ব অর্থায়নে) মেলায় প্রকাশ ও প্রচারের ব্যবস্থা গ্রহণ করবে।

ঘ। ডিজিটাল ওয়ার্ল্ড ২০১৭ মন্ত্রণালয় কর্তৃক প্রস্তুতকৃত চার্ট অনুযায়ী নির্দিষ্ট সময়ে সংশ্লিষ্ট প্রজেন্টার (উপস্থাপনকারী) স্টলে উপস্থিত থাকবেন (কপি সংযুক্ত)।

ঙ। ডিজিটাল ওয়ার্ল্ড ২০১৭ মেলায় স্টলে ই-সার্ভিস কার্যক্রম আকর্ষণীয়ভাবে এলইডি মনিটরে প্রদর্শনের লক্ষ্যে স্ব স্ব দপ্তর/সংস্থা ভিডিও ক্লিপ পাওয়ার পয়েন্টে উপস্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

(অঃ পৃঃ দঃ)

চ। আগামী ০৫ ডিসেম্বর ২০১৭ তারিখে বিআইডব্লিউটিসি'র জনসংযোগ কর্মকর্তার তত্ত্বাবধানে জাহাজের ড্যাঁমী তৈরিসহ স্টল সংযুক্তিকরণের সিদ্ধান্ত গ্রহীত হয়। বর্ণিত ড্যাঁমী তৈরীর লক্ষ্যে একটি কমিটি গঠন করা হয়। উক্ত কমিটি নিম্নরূপ :

- ১। জনাব মোহাম্মদ জাহিদুল ইসলাম মিঞা, সিনিয়র সহকারী সচিব, নৌপরিবহন মন্ত্রণালয় -আস্থায়ক
- ২। জনাব মোঃ জি.এম. ফয়সাল আহমদ, সিস্টেম এনালিস্ট, নৌপরিবহন মন্ত্রণালয় -সদস্য
- ৩। সৈয়দ জনাব মোঃ অলিউর রহমান, প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয় -সদস্য
- ৪। সুফি মোঃ শোয়েব, সিস্টেম এনালিস্ট, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ -সদস্য
- ৫। জনাব শেখ মাসুদুল্লাহ, সহকারী পরিকল্পনা প্রধান, মোংলা বন্দর কর্তৃপক্ষ -সদস্য
- ৬। জনাব মোঃ মশিউর রহমান, সহকারী পরিচালক (প্রশাসন), বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ -সদস্য
- ৭। জনাব মোঃ নজরুল ইসলাম মিশা, বিআইডব্লিউটিসি -সদস্য সচিব

০৩। ডিজিটাল ওয়ার্ল্ড ২০১৭- এর উদ্বোধনী অনুষ্ঠানসহ সার্বিক কাজে নৌপরিবহন মন্ত্রণালয় মনিটরিং এর দায়িত্ব পালন করবেন এবং উক্ত স্টলে সংশ্লিষ্ট সকলের খাবারের এবং উপস্থাপনাকারীদের সম্মানী প্রদানের জন্য জনাব মোঃ নজরুল ইসলাম মিশা, বিআইডব্লিউটিসি মেলার ফান্ড থেকে ব্যয়ভার বহন করবেন।

০৪। এ বিষয়ে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

তারিখ : ১৬-১১-২০১৭

এ এস এম মামুনুর রহমান খলিলী

যুগ্মসচিব

নৌপরিবহন মন্ত্রণালয়

নং-১৮.০০.০০০০.০১৬.২৫.০১১.১২-২০৬২

তারিখঃ ১৯-১১-২০১৭ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুলিপি প্রেরণ করা হলো।


বিতরণ :

- ১। চেয়ারম্যান, চবক/পাবক/মোবক/বাহুবক/বিআইডব্লিউটিসি/বিআইডব্লিউটিএ, জাতীয় নদী রক্ষা কমিশন।
- ২। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, মতিঝিল বা/এ, ঢাকা।
- ৩। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম।
- ৪। যুগ্মসচিব (বাহুবক ও মবক/চবক ও প্রশাসন/টিএ/বাজেট/জাহাজ/ অডিট ও ভাইন/ টিসি/পাবক ও উন্নয়ন/যুগ্মপ্রধান (পরিঃ), নৌপরিবহন মন্ত্রণালয়।
- ৫। কমান্ড্যান্ট, মেডিকেল ক্যাডেমী, জুলদিয়া, চট্টগ্রাম।
- ৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, গভীর সমুদ্র বন্দর সেল, ১৪৫ বেইলী রোড, ঢাকা।
- ৭। অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, চট্টগ্রাম।
- ১১। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ১২। প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ)।
- ১৩। হিসাবরক্ষণ কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়।

(অঃ পৃঃ দ্রঃ)

অনুলিপি :

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।
- ৩। অতিরিক্ত সচিব (প্রশাসন/বাণিজ্যিক/উন্নয়ন/আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়।
- ৪। যুগ্মসচিব (প্রঃ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়।


(মোহাম্মদ জাইদুল ইসলাম মিঞা)
সিনিঃ সহঃ সচিব (প্রঃ ৩)
ফোন : ৯৫১৫৫৫১
sas.admin1@mos.gov.bd